



উইন্ডোজ এ ফাইল-ফোল্ডারকে কম্প্রেস বা আনকম্প্রেস করা

কোন থার্ড পার্টি আর্কাইভ সফটওয়্যার ইনস্টল করা ছাড়াই উইন্ডোজ মিলেনিয়াম, এক্সপি কিংবা ২০০৩ সার্ভারে খুব সহজেই আপনি ফাইল ফোল্ডারকে কম্প্রেস বা আনকম্প্রেস করতে পারেন। আর এর জন্য রয়েছে উইন্ডোজ মিলেনিয়াম, এক্সপি এবং ২০০৩ সার্ভারের বিল্ট-ইন সাপোর্ট (অবশ্য শুধুমাত্র জিপ ফর্ম্যাট এর ক্ষেত্রে)। আশা করা যায় উইন্ডোজ ভিস্তা (যা এতদিন উইন্ডোজ লঙহর্ন নামেই পরিচিত ছিল) অপারেটিং সিস্টেমেও এই সাপোর্ট অব্যাহত থাকবে।

যে ফাইলটিকে কম্প্রেস করতে চান, সেটি সিলেক্ট করে রাইট ক্লিক করুন। এবার পপ-আপ মেনুটি থেকে **সেন্ড টু** -> **কম্প্রেসড (জিপড) ফোল্ডার** অপশনটিতে ক্লিক করুন। চিত্রে দৃষ্টব্য:



যদি আপনার পিসিতে কোন থার্ড পার্টি আর্কাইভ সফটওয়্যার ইনস্টল করা থাকে (যেমন: উইনজিপ), তাহলে আপনি নিম্নোক্ত ম্যাসেজটি পাবেন:




ইয়েস্ দিলে এখন থেকে উইন্ডোজ আপনার ডিফল্ট কম্প্রেসড (শুধুমাত্র জিপ ফাইল সমূহ) ইউটিলিটি হিসেবে প্রতিস্থাপিত হবে, নো দিলে হবে না। আর আপনার পিসিতে যদি কোন থার্ড পার্টি আর্কাইভ সফটওয়্যার ইনস্টল করা না থাকে, তাহলে আপনি উপরোক্ত ম্যাসেজটি পাবেন না।

এবার লক্ষ্য করুন আপনার ফাইলটির পাশে একই নামে একটি জিপ ফাইল তৈরী হয়ে গেছে। ছবিতে দেখুন:




একই পদ্ধতি অবলম্বন করে আপনি একসাথে অনেকগুলো ফাইল বা কয়েকটি ফোল্ডারকেও কম্প্রেসড করে ফেলতে পারেন। সবগুলো ফাইল বা ফোল্ডার একসাথে সিলেক্ট করুন, তারপর রাইট ক্লিক করে উপরে বর্ণিত পদ্ধতি অবলম্বন করুন।

এবার দেখা যাক কিভাবে কম্প্রেসড ফাইলটিকে আনকম্প্রেস করা যাবে। কম্প্রেসড ফাইলটিতে রাইট ক্লিক করে **ওপেন উইথ -> কম্প্রেসড (জিপড) ফোল্ডার** অপশনটিতে ক্লিক করুন (অবশ্য আপনার পিসিতে কোন থার্ড পার্টি আর্কাইভ সফটওয়্যার ইনস্টল করা না থাকলে আপনি রাইট ক্লিক করার পর পপ-আপ মেনুটিতেই এক্সট্রাক্ট অল অপশনটি পাবেন)। চিত্রে দৃষ্টব্য:



উইন্ডোজ এক্সপ্লোরার এর সাহায্যে ফাইলটি ওপেন হবে। এবার **ফাইল -> এক্সট্রাক্ট অল...** অপশনটিতে ক্লিক করুন। নিচের চিত্রটি লক্ষ্য করুন:



একটি উইজার্ড ওপেন হবে, নেস্ট এ ক্লিক করে কম্প্রেসড ফাইলটির কন্টেন্ট সমূহ কোথায় আনকম্প্রেস করে, তা দেখিয়ে দিন। চিত্রে দৃষ্টব্য:



ব্যস্, এবার নেস্ট এ ক্লিক করলেই কম্প্রেসড ফাইলটির কন্টেন্টগুলো আনকম্প্রেসড হয়ে যাবে। ফিনিশ্ এ ক্লিক করুন এবং আপনার প্রদত্ত লোকেশন এ গিয়ে ফাইলগুলো দেখুন।

আপনি ইচ্ছে করলে **ফাইল -> এ্যাড এ পাসওয়ার্ড** এ ক্লিক করে কম্প্রেসড ফাইলটিতে আপনার পছন্দমত কোন পাসওয়ার্ড দিয়ে দিতে পারেন। এতে করে যে কেউ ইচ্ছে করলেও কম্প্রেসড ফাইলটির কন্টেন্টগুলো আনকম্প্রেসড করে দেখতে বা ব্যবহার করতে পারবে না।

-- মোহাম্মদ আহসানুল হক শোভন

ইমেইল: shuvorim@yahoo.com

ওয়েবসাইট: <http://www29.websamba.com/shovon>